

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কেন্দ্রুয়া, নেত্রকোণা  
সহকারী প্রোগ্রামার এর দপ্তর

...

সভাপতি আল-ইমরান বুহল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার (রুটিন দায়িত্ব)  
সভার তারিখ ২৩.১২.২০১৯  
সভার সময় সকাল ১০:৩০ ঘটিকা  
স্থান উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ  
উপস্থিতি পরিশিষ্ট 'ক' তে অন্তর্ভুক্ত

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। গত মাসের সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের অগ্রগতি নিয়ে আলোচনা করা হয়। অতঃপর সভায় আলোচ্য সূচি অনুযায়ী নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	<u>ওয়েব পোর্টাল</u> এ উপজেলার সকল সরকারী দপ্তর সমূহের ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	১। প্রতিটি দপ্তরের প্রধানগণ তার কার্যালয়ের ওয়েব পোর্টাল সংক্রান্ত যাবতীয় তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করবেন। ২। প্রতিটি ইউনিয়নের ওয়েব পোর্টাল যাতে উদ্যোক্তাগণ নিয়মিত হালনাগাদ করেন, এই বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণ মনিটরিং করবেন।	দপ্তর প্রধানগণ চেয়ারম্যান (সকল)
০২	<u>শেখ রাসেল ডিজিটাল ল্যাব</u> এ বিষয়ে বিস্তারিত আলোচনা কালে উপজেলা সহকারী প্রোগ্রামার জানান যে, এই উপজেলায় ৮ টি শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাব রয়েছে। শেখ রাসেল ডিজিটাল ল্যাব এর কার্যক্রম কিভাবে জোরদার করা যায়, এই বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	উক্ত ল্যাব সমূহের পরিদর্শন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রোগ্রামার
০৩	<u>মাল্টিমিডিয়া ক্লাসরুম বাস্তবায়ন</u> সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহে মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিতভাবে পরিদর্শন করতে হবে। উপজেলা শিক্ষা অফিসারকে মাল্টি মিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সম্বন্ধে হালনাগাদ তথ্য দেওয়ার জন্য অনুরোধ করা হয়।	উপজেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

০৪	<u>উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে ইন্টারনেট কানেকশন</u> এ উপজেলার সকল সরকারী অফিসে ইন্টারনেট সংযোগ সচল এবং গতি বৃদ্ধির ব্যাপারে আলোচনা হয়। এই বিষয়ে আলচনা করার সময়, উপজেলা মৎস্য অফিসার উপজেলা মৎস্য অফিসে ইন্টারনেট সচল করার জন্য অনুরোধ করেন।	১। উপজেলার সকল দপ্তরে ইন্টারনেট সংযোগ নিয়মিত সচল রাখা এবং গতি বৃদ্ধির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ২। উপজেলা মৎস্য অফিসে ইন্টারনেট সচল করার বিষয়ে সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী প্রোগ্রামার
০৫	<u>ইউডিসি আয় ও সেবা প্রদান</u> অনলাইনে জন্ম নিবন্ধন সম্পর্কে আলোচনা করা হয়। ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য ওয়েব পোর্টাল এ আপলোড এর বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	উদ্যোক্তাগণকে ইউডিসি থেকে দৈনিক আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য ওয়েব পোর্টাল এ আপলোড এর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়।	চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ এবং সংশ্লিষ্ট উদ্যোক্তাগণ
০৬	<u>ই-নথির কার্যক্রম</u> উপজেলা পর্যায়ে সকল দপ্তরে ই-নথি কার্যক্রম চালু করার বিষয়ে আলোচনা হয়। সকল দপ্তরে ই-নথি একাউন্ট চালু হওয়ার পরে অভ্যন্তরীণ প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়।	উপজেলার সকল দপ্তরে ই-নথি কার্যক্রম চালু করার জন্য প্রতিটি দপ্তর প্রয়োজনীয় তথ্য নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার দপ্তর প্রধানগণ সহকারী প্রোগ্রামার
০৭	<u>IT এবং বিজ্ঞান ক্লাব</u> উপজেলায় IT এবং বিজ্ঞান ক্লাব গঠনের বিষয়ে আলোচনা করা হয়।	উপজেলায় IT এবং বিজ্ঞান ক্লাব বিষয়ে কমিটি গঠন করতে হবে। আগামী ৪ এবং ৫ জানুয়ারি উপজেলায় বিজ্ঞান মেলা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
০৮	ইনোভেশন কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়।	উপজেলার কোন দপ্তরের ইনোভেশন কার্যক্রম থাকলে তার তথ্য নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

### পরিশিষ্ট – ‘ক’

#### উপস্থিত সদস্য বৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১	মোঃ আনিসুজ্জামান, উপজেলা কৃষি অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা
০২	মোঃ জিয়াউল হক, উপজেলা শিক্ষা অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা
০৩	মোঃ আজিজুল হক, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, কেন্দুয়া, নেত্রকোনা
০৪	ইউনুস রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, কেন্দুয়া, নেত্রকোনা
০৫	অনিকা আক্তার, তথ্য সেবা কর্মকর্তা, উপজেলা তথ্যকেন্দ্র, কেন্দুয়া, নেত্রকোনা
০৬	তপন চন্দ্র দেবনাথ, উদ্যোক্তা, ইউডিসি, পাইকুরা ইউপি, কেন্দুয়া, নেত্রকোনা
০৭	হাবিবুল্লাহ তালুকদার, উদ্যোক্তা, ইউডিসি, বলাইশিমুল ইউপি, কেন্দুয়া, নেত্রকোনা
০৮	নাছির আহমেদ, উদ্যোক্তা, ইউডিসি, গড়াডোবা ইউপি, কেন্দুয়া, নেত্রকোনা
০৯	সুমা আক্তার, উদ্যোক্তা, ইউডিসি, দলপা ইউপি, কেন্দুয়া, নেত্রকোনা



আল-ইমরান রুহুল ইসলাম  
উপজেলা নির্বাহী অফিসার (রুটিন দায়িত্ব)

স্মারক নম্বর: ৫৬.০৪.৭২৪৭.০০০.০৬.০০১.১৯.৩

তারিখ: ১১ পৌষ ১৪২৬

২৬ ডিসেম্বর ২০১৯

অনুলিপি সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
- ৩) অতিরিক্ত জেলা প্রশাসক, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
- ৪) প্রোগ্রামার, প্রোগ্রামার এর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নেত্রকোণা

মোঃ আজিজুল হক  
সহকারী প্রোগ্রামার